মেহেরপুরে প্রাণের সকল পণ্য ডেলিভারি বন্ধ ঘোষনা পরিবেশক সমিতির

জেলা পরিবেশক সমিতির সভায় প্রাণ বেভারেজ গ্রুপের কুষ্টিয়া অঞ্চলের টি.এস.এম আনিসুর রহমান খারাপ আচরণ করায় প্রাণ গ্রুপের সকল পণ্য ডেলিভারি বন্ধের ঘোষণা দিয়েছে পরিবেশক সমিতি।

আজ বুধবার মেহেরপুর জেলা পরিবেশক সমিতির কার্যালয়ে এক সভা শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়। তারা জানায়, অভিযুক্ত টি.এস.এম এর উপযুক্ত বিচার না করা হলে ২৪ এপ্রিল থেকে মেহেরপুরে প্রাণের সকল পণ্য ডেলিভারি বন্ধ থাকবে। সভায় প্রাণ গ্রুপের বিভিন্ন গ্রুপের ডিলারবৃন্দরা সহমত পোষণ করে স্বাক্ষর করেন।

মেহেরপুর জেলা পরিবেশক সমিতির সভাপতি হাশেম আলীর সভাপতিত্বে সভায় আরএন টেডার্স এর স্বত্ত্বাধীকারী সদরুল ইসলাম নাহিদ, পরিবেশক সোমেল রানাসহ সমিতির সদস্য ও প্রাণ গ্রুপের পরিবেশকরা উপস্থিত ছিলেন।

জানা গেছে, প্রাণ বেভারেজ গ্রুপের কুষ্টিয়া অঞ্চলের টি.এস.এম আনিসুর রহমান আরএন ট্রেডার্স এর ছাড়পত্র ছাড়াই অন্যজনকে ডিলার নিয়োগ দিয়েছেন। তার প্রতিবাদে পরিবেশক সমিতি টি.এস.এম কে নিয়ে একটি সভায় মিলিত হন। সভা চলাকালীন টি.এস.এম আনিসুর রহমান পরিবেশক সমিতির সদস্যদের সাথে খারাপ আচরণ করেন বলে অভিযোগ করেছেন পরিবেশক সমিতির সদস্যরা।

তার প্রতিক্রিয়ায় ২৩ এপ্রিলের মধ্যে টি. এস. এম -এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করা হয় তবে ২৪ এপ্রিল থেকে প্রাণের সকল গ্রুপের পণ্য ডেলিভারি ও মালামাল আনলোডিং বন্ধের হুমকি দেন।

ঝিনাইদহে ঘাতক ট্রাকের চাপায় প্রাণ গেল নৈশ প্রহরীর

ঝিনাইদহ শহরের হামদহ আলহেরা মোড়ে ট্রাকের চাপায় বাদল মোল্লা
(৫৫) নামের এক নৈশ প্রহরীর মৃত্যু হয়েছে।

বুধবার (২৩ এপ্রিল) সকাল ৫ টার দিকে এ দুর্ঘটনা ঘটনা ঘটে। নিহত বাদল মোল্লা সদর উপজেলার ছোট কামারকুণ্ডু উত্তর পাড়া গ্রামের মোকছেদ আলীর ছেলে এবং সে আলহেরা মোড় এলাকায় নৈশ প্রহরীর দায়িত্ব পালনকারী।

স্থানীয়রা জানায়, ভোরে দায়িত্ব পালনের এক পর্যায়ে রাস্তার পশ্চিম পাশে দাড়িয়ে ছিল বাদল মোল্লা। সেসময় কালীগঞ্জ থেকে ঝিনাইদহ শহরগামী একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই মারা যায় বাদল মোল্লা।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের পরিদর্শক তানভীর হাসান জানান, খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে আসে এবং মৃতদেহটি পুলিশের কাছে হস্তান্তর করে।

মেহেরপুরে আবারও লাশের মিছিল, সড়কে ঝরলো প্রাণ

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর মাঠে সড়ক দুর্ঘটনায় মোশাররফ হোসেন (৬০) নামে একজন নিহত হয়েছেন।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার আমাদহ-আশরাফপুর সড়কে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মোশাররফ হোসেন মোটরসাইকেলযোগে মাঠ থেকে বাড়ি ফিরছিলেন। পথে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক্টরের সঙ্গে তার মুখোমুখি সংঘর্ষ হয়। এতে তিনি গুরুতর আহত হন।

স্থানীয়রা তাঁকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যান। সেখানে তাঁর অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। তবে সন্ধ্যার দিকে ঢাকায় নেওয়ার পথেই তাঁর মৃত্যু হয়।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেসবাহউদ্দিন পারিবারিক সূত্রের বরাত দিয়ে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহত মোশাররফ হোসেন মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের আলামিন হোসেনের ছেলে।

মেহেরপুরে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ গেল কৃষকের

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে মোটরসাইকেলের ধাক্কায় ফাজিল মল্লিক (৬৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুর আড়াইটার দিকে আমঝুপি বিএডিসি ফার্মের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত ফাজিল হোসেন আমঝুপি দক্ষিণপাড়ার মৃত ইজু মল্লিকের ছেলে। এ ঘটনায় মোটরসাইকেল চালক শ্রাবণ (২০) আহত হয়েছেন। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মেহেরপুর মল্লিকপাড়ার ছেলে শ্রাবণ মোটরসাইকেল নিয়ে চুয়াডাঙ্গা যাচ্ছিলেন। অপরদিকে ইজু মল্লিক মাঠের কাজ সেরে বাইসাইকেল যোগে নিজ বাড়িতে ফেরার পথে সড়ক পার হচ্চিলেন। এসময় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সাইকেলকে ধাক্কা দিলে ঘটনাস্থলে দুজনেই ছিটকে পড়েন। এতে ঘটনাস্থলেই মারা যান কৃষক ইজু মল্লিক। দুমড়ে মুচড়ে যায় দুর্ঘটনা কবলিত মোটরসাইকে ও বাইসাইকেলটি দুমড়ে মুচড়ে যায়।

খবর পেয়ে ফায়ার সার্ভিস ইউনিটের একটি দল ঘটনাস্থলে পৌছে আহত শ্রাবণকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

অপরদিকে, নিহত কৃষকের মরদেহ উদ্ধার করে তার স্বজনরা বাড়ি নিয়ে যায়।

মুজিবনগরে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ হারালেন কৃষক

মুজিবনগরে বেপরোয়া গতির মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ হারালেন জিল্লুর রহমান (৫৭) নামের এক কৃষক। এঘটনায় মোটরসাইকেল চালক স্কুলছাত্র রিমন (১৭) আহত হয়েছেন।

রবিবার বিকালে মেহেরপুর-মুজিবনগর সড়কের মুজিবনগর উপজেলার গৌরীনগর মোড়ে এই দুর্ঘটনা ঘটে। নিহত জিল্লুর রহমান মুজিবনগর উপজেলার গৌরীনগর গ্রামের সাত্তার গাজীর ছেলে, সে পেশায় কৃষক। আহত রিমন মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামের মোঃ ইমরান হোসেনের ছেলে। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে ওসি মিজানুর রহমান জানান, স্কুল ছাত্র রিমন হোসেন কেদারগঞ্জ মোড় থেকে জিগছার মডেলের একটি মোটরসাইকেলবেপরোয়া গতিতে চালি শালিকাতে আসছিলেন। গৌরিনগর নামক স্থানে এসময় কৃষক জিল্লুর রহমান রাস্তা পার হচ্ছিলেন। এসময় মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে তাঁকে স্বজোরে ধাক্কা মারে। এতে দুজনই রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন।

স্থানীয়রা তাদের দুজনকে উদ্ধার করে প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে তাদের অবস্থার অবনতি হয়। পরে তাদেও গুরুতর অবস্থায় মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক জিল্লুর রহমানকে মৃত ঘোষণা করেন।

মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান জানান, এখন পর্যন্ত পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ দেইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তবে দুর্ঘটনাকবলিত মোটরাসাইকেলটি থানা হেফাজতে নেওয়া হয়েছে।

হরিণাকুণ্ডুতে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল পরীক্ষার্থীর

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ট্রাক্টরের চাকায় পিষ্ট হয়ে প্রাণ গেল নওরিন শোয়েবা নোভা (১৫) নামে এস.এস.সি পরীক্ষার্থীর। সে হরিণাকুন্ডু শিশুকলি মডেল মাধ্যমিক বিদ্যালয় থেকে এবছরের এসএসসি পরীক্ষার্থী।

গতকাল বুধবার (১৫জানুয়ারি) দুপুরে উপজেলার হল বাজার নামক স্থানে এ দুর্র্ঘটনা ঘটে।

নিহত নওরীন শোয়েবা নোভা হরিণাকুণ্ডু সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজের কর্মরত উচ্চমান সহকারী মোঃ নজরুল ইসলাম এবং দিগনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নারগিস আক্তার দম্পত্তির ছোট মেয়ে। প্রত্যক্ষদর্শীরা জানান, বুধবার দুপুরে নওরিন শোয়েবা নোভা হরিণাকুন্ডু হল বাজার থেকে ফেরার পথে ইট বোঝায় ট্র্যাক্টরের চাকায় পিষ্ট হয়ে ঘটনা স্থলেই নিহত হন। পরবর্তীতে হরিণাকুণ্ডু থানা পুলিশ লাশটি উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

হরিণাকুণ্ডুু থানার অফিসার ইনচার্জ এমএ রউফ খান জানান, আইনি প্রক্রিয়ায় ব্যবস্থা গ্রহণ করা হবে।

শিক্ষার্থীদের আগমনে প্রাণ ফিরেছে দর্শনার সকল শিক্ষা

প্রতিষ্ঠানে

কোটা সংস্কার আন্দোলনের কারণে প্রায় ১ মাস সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর শিক্ষার্থীদের আগমনে প্রাণ ফিরেছে দর্শনার সকল শিক্ষা প্রতিষ্ঠানে। শিক্ষার্থীরা বিদ্যালয়ে যেতে পেরে অনেক আনন্দিত। শিক্ষকরাও কর্মে যোগদান করায় আগের রুপে ফিরতে শুরু করছে শিক্ষা প্রতিষ্ঠান গুলো।

শিক্ষার্থীরা জানায় কোটা সংস্কার আন্দোলনের কারণে প্রায় ১ মাস আমাদের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল। আমরা পড়াশোনায় কিছুটা পিছিয়ে পরেছি। আমাদের সিলেবাস কভার করবো কিভাবে চিন্তায় পরে গিয়েছিলাম। সেই সাথে বাসায় বসে থাকতে থাকতে আমাদের বিরক্ত লাগছিল। বন্ধুদের সাথে দেখা করা ও খেলাধুলা ইত্যাদি সবকিছু থেকেই বঞ্চিত ছিলাম। আবার সামনে আমাদের এস,এসসি পরিক্ষা। গত রবিবার থেকে আমার শিক্ষা প্রতিষ্ঠানগুলো খোলা হয়েছে।

এতে করে আমরা অনেক আনন্দিত তেমনি আমাদের সামনে যে পরিক্ষা আছে সেটার প্রস্তুতি নিতে পারবো। কোন অসুবিধা হলে আমরা শিক্ষকদের কাছ থেকে সব রকম পরামর্শ নিতে পারবো। এ বিষয়ে শিক্ষকরা জানান কোটা সংস্কার আন্দোলনের কারণে প্রায় ১ মাস সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল। এতে করে ছাত্র-ছাত্রীরা কিছুটা পিছিয়ে পরেছে। আমরা শিক্ষকরা চেষ্টা করব ছাত্র-ছাত্রীদের সকল বিষয়ে সহযোগিতা করার।

এখন পরিস্থিতি স্বাভাবিক হওয়ার আবার শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু হয়েছে। শিক্ষার্থীদের আগমনে প্রাণ ফিরেছে ক্লাস গুলোতে। আমরাও নিয়মিত ক্লাস নিতে পেরে আনন্দিত।

ঝিনাইদহে সাপের কামড়ে প্রাণ

গেলো স্কুল ছাত্রের

ঝিনাইদহ সদর উপজেলার বিসিক এলাকায় সাপের কাপড়ে সূর্য বিশ্বাস
(১৩) নামে এক স্কুলছাত্রের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (১৬ আগস্ট) সকাল ১১টার দিকে সে মারা যায়। সূর্য সদর উপজেলার চুয়াডাঙ্গা গ্রামের আশরাফুল বিশ্বাসের ছেলে এবং স্থানীয় মুক্তিযোদ্ধা মশিউর রহমান মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেনীর ছাত্র।

সুর্য বিশ্বাসের সহপাঠী সোহান আহমেদ জানায়, রাতে শহরের বিসিক শিল্পনগরীর প্রবেশ পথে নিজেদের মুদি দোকানে ঘুমিয়ে ছিল সূর্য বিশ্বাস। ভোর ৪টার দিকে দোকানের ভেতর থেকে একটি সাপ বের হতে দেখে স্থানীয়রা।

এর কিছুক্ষণ পর সূর্য চিৎকার শুরু করলে স্থানীয়রা দোকানের শাটার খুলে ভেতর থেকে সূর্যকে বের করে আনে। এরপর সদর হাসপাতালের জরুরি বিভাগে ও পরে ওঝার কাছে নিয়ে যায়। সকাল সাড়ে ১১টার দিকে ফের সদর হাসপাতালে আনলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. ফাল্গুনী রানী সাহা বলেন, হাসপাতালে আসার আগেই সে মারা গেছে। হয়তো সময় মতো হাসপাতালে আনলে ছেলেটিকে বাঁচানো সম্ভব হতো।